

💵 আল-লুলু ওয়াল মারজান

হাদিস নাম্বারঃ ১৬৩৩

88/ সাহাবাগণের মর্যাদা (আন্ত্রান্ট্

পরিচ্ছেদঃ 88/88. আনসার (রাঃ) পরিবারের মধ্যে সর্বোত্তম।

في خير دور الأنصار رضي الله عنهم

আরবী

حديث أبي أُسيَد رضي الله عنه، قَالَ: قَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: خَيْرُ دُورِ الأَنْصَارِ بَنُو النَّجَّارِ، ثُمَّ بَنُو عَبْدِ الأَشْهَلِ، ثُمَّ بَنُو الْحرِثِ بْنِ خَزْرَجٍ، ثُمَّ بَنُو سَاعِدَةً؛ وَفِي كُلِّ دُورِ الأَنْصَارِ خَيْرٌ كُلِّ دُورِ الأَنْصَارِ خَيْرٌ فَضَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِلاَّ قَدْ فَضَّلَ عَلَيْنَا فَقِيلَ: قَدْ فَضَّلَكُمْ عَلَيْهِ وَسَلَّمَ إِلاَّ قَدْ فَضَّلَ عَلَيْنَا فَقِيلَ: قَدْ فَضَّلَكُمْ عَلَى كَثِيرِ

বাংলা

১৬৩৩. আবৃ উসায়দ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, সবচেয়ে উত্তম গোত্র হল বানু নাজ্জার, তারপর বানৃ 'আবদুল আশহাল তারপর বনু হারিস ইবনু খাযরাজ তারপর বানৃ সায়িদা এবং আনসারদের সকল গোত্রের মধ্যেই কল্যাণ রয়েছে। এ শুনে সাদ (রাঃ) বললেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম অন্যদেরকে আমাদের উপর শ্রেষ্ঠত্ব দান করেছেন? তখন তাকে বলা হল; আমাদেরকে তো অনেক গোত্রের উপর শ্রেষ্ঠত্ব দান করেছেন।

ফুটনোট

সহীহুল বুখারী, পর্ব ৬৩ আনসারগণের মর্যাদা, অধ্যায় ৭, হাঃ ৩৭৮৯; মুসলিম, পর্ব ৪৪ : সাহাবাগণের মর্যাদা, অধ্যায়, ৪৪, হাঃ নং ২৫১১

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবু উসাইদ (রাঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন